গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১মবর্ষ স্নাতক(পাস)/ভর্তি/২৩-২৪/২০২৫/৩৮ তারিখ: ২৮ মাঘ ১৪৩১ / ১১ ফেব্রুয়ারি ২০২৫

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

(সূত্র: স্মারক নং-১০(২২৫)জাতী:বি:/রেজি:/২০১৮/অংশ-২/৩০৯৮ তারিখ: ১০/০২/২০২৫)

০১। ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপে মেধা তালিকার ভর্তি ও পত্রকোড এন্ট্রি নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

| ক্র. নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ:<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Degree Pass Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।<br>**উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ১৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে, অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এছাড়া ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন করার কোনো সুযোগ থাকবে না। এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইটের (www.nu.ac.bd/admissions) Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে। | ১৩/০২/২০২৫ থেকে ২০/০২/২০২৫ |
| (খ) | ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে www.dgc.edu.bd এ প্রবেশ করে Online Admission Option প্রবেশ করে ভর্তি ফরমের রোল দিয়ে পরবর্তী কার্যক্রম শেষ করতে হবে। কলেজ সার্ভারে সকল তথ্য দেয়ার পর প্রিন্ট প্রিভিউ অপশন আসবে। সেখানে সঠিক তথ্য দেখার পর কোন ভুল ত্রুটি হলে Edit করে ঠিক করে ভর্তি ফরম Submit করতে হবে। একবার Submit করার পর আর ভুল সংশোধন করা যাবে না। Submit হওয়ার পর ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর গেটওয়ের মাধ্যমে রকেট/নেক্সাস পে এর মাধ্যমে নিজ নিজ বিষয়ের ফি নির্ধারিত থাকবে। নির্ধারিত ফি পরিশোধের পর কলেজের ভর্তির চূড়ান্ত ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম ছাড়া ভর্তি সম্পন্ন হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরমসহ প্রয়োজনীয় মূল সনদ ও ফটোকপি কলেজের ডিগ্রী (পাস) শাখায় নিদিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরমসমূহ জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। জমাদানের তারিখ ও সময়:** | **১৬/০২/২০২৫ থেকে ২৩/০২/২০২৫ (বিকাল ০৪.০০ টার পর কোন ফরম গ্রহণ করা হবে না।)** |

**০২। ভর্তি ফি এর পরিমাণ:**

| বিভাগের নাম | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|
| বিএ/বিবিএস/বিএসএস | **২৫০৫/-** | মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা |
| বিএসসি | **২৬০৫/-** | |

**বিশেষ জরুরি দ্রষ্টব্য:**

কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের মোবাইল সচল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ প্রদানকৃত মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**৩। ভর্তির সময় নিম্নবর্ণিত কাজগপত্র জমা দিতে হবেঃ**

(ক) প্রাথমিক আবেদনপত্রের মূল কপি।

(খ) অন লাইন থেকে প্রাপ্ত **জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের ডাউনলোডকৃত ফরম এর ০২ কপির** সঙ্গে এস.এস.সি, এইচ.এস.সি/সমমানের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের প্রতিটির ০২ (দুই) কপি সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। আবেদন ফরমের উপরে শিক্ষার্থীর মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

(গ) আবেদন ফরমের সঙ্গে অসত্যায়িত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ও ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের (ছবির নিচে নাম লিখে) ছবি জমা দিতে হবে।

(ঘ) একটি বড় খামে এইচ.এস.সি/সমমানের মূল নম্বরপত্র, সনদপত্র ও প্রশংসাপত্র জমা দিতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ভুল/মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(ঙ) পরিচয়পত্রের জন্য পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ হতে ফরম সংগ্রহ করে তা পূরণপূর্বক স্ট্যাম্প সাইজের এক কপিসহ জমা দিতে হবে।

(চ) বিষয় নির্বাচনের জন্য কলেজ প্রদত্ত গ্রুপ অনুসরণ করতে হবে।

(ছ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী/উপজাতি/প্রতিবন্ধি কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সনদপত্র।

৪। (ক) নির্ধারিত তারিখের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে উত্তীর্ণ শিক্ষার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। ভর্তির তথ্যের জন্যঃ মো. তাজুল ইসলাম, অফিস সহকারী, মোবাইল নম্বরঃ ০১৭১২৭১০৭৯৫ (কলেজ ভর্তি ফরম সংক্রান্ত)।

(খ) প্রত্যেক শিক্ষার্থীকে যথাযথ প্রক্রিয়ায় ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। শিক্ষার্থীর কোন প্রকার ত্রুটি বিচ্যুতির দায়-দায়িত্ব কলেজ কর্তৃপক্ষ বহন করবে না।

বিঃদ্রঃবিস্তারিত তথ্যঃwww.nu.ac.bd/admissions-এর Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

প্রতিস্বাক্ষর
১১/২/২৫
(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

১১/২/২৫

১১/২/২৫
(প্রফেসর মো. মেজাহারুল ইসলাম)
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণি ভর্তি কমিটি ২০২৩-২০২৪
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপিঃ

১। উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ

২। হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ

৩। ...............................................................

৪। অফিস নথি